তোমরা আমার (মৃত্যুর) পর অগ্রাধিকার দেখবে! সুতরাং ধৈর্য ধারণ করবে; যে অবধি তোমরা হাওযের কাছে আমার সঙ্গে সাক্ষাৎ না করবে।

উসাইদ ইবনে হুধাইর ও আনাস ইবন মালেক রাদিয়াল্লাহু ‘আনহুমা হতে বর্ণিত, একজন আনসারী বললেন, ‘হে আল্লাহর রাসূল! আপনি কি আমাকে সরকারী কোন পদ দেবেন না, যেমন অমুক লোককে দিয়েছেন?’ তিনি বললেন, “তোমরা আমার (মৃত্যুর) পর অগ্রাধিকার দেখবে! সুতরাং ধৈর্য
ধারণ করবে; যে অবধি তোমরা হাওযের কাছে আমার সঙ্গে সাক্ষাৎ না করবে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এক ব্যক্তি রাসূলুল্লাহর নিকট এসে অন্যান্যদের মতো তাকেও কোন একটি পদে দায়িত্বশীল বানানোর জন্যে আবেদন করল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে একটি বিষয় জানিয়ে দিলেন। সেটি হলো তার সাহাবীদের করণীয় হলো ভবিষ্যতে জনগনের সম্পদ আত্মসাৎকারী শাসকদের থেকে যে সব জুলুম অত্যাচারের সম্মূখীন হবে তার ওপর ধৈর্য ধারণ করা। সুতরাং তিনি তাদের ধৈর্য ধারণ করতে নির্দেশ দেন যতদিন না তারা তার হাউযে তার সাক্ষাৎ না করবে।

http://sunnah.global/hadeeth/bn/show/3305